

বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড
অপ্রধান শস্য কর্মসূচি
৫ কাওরানবাজার, ঢাকা-১২১৫
[Web: mcpmp.brdb.gov.bd](http://Web:mcpmp.brdb.gov.bd)

স্মারক নম্বর: ৪৭.৬২.০০০০.৯৮১.১১.০০১.২৪.১৭


৫ বৈশাখ ১৪৩১ বঙ্গাব্দ
তারিখ: ১৮ এপ্রিল ২০২৪ খ্রিস্টাব্দ

বিষয়: অপ্রধান শস্য কর্মসূচি'র 'মাঠ সংগঠক' পদে স্থানীয় জনবল নিয়োগ সংক্রান্ত।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে সংশ্লিষ্ট সকলকে জানানো যাচ্ছে যে, বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড (বিআরডিবি) কর্তৃক বাস্তবায়নধীন অপ্রধান শস্য কর্মসূচি বিগত ০১/০১/২০২৪ খ্রিঃ তারিখ হতে বিআরডিবি'র নিজস্ব কর্মসূচি হিসেবে চলমান আছে। চলমান এ কর্মসূচি'র পরিচালনা বা বাস্তবায়ন সংক্রান্ত নীতিমালা (অপ্রধান শস্য কর্মসূচি বাস্তবায়ন নীতিমালা) ইতোমধ্যে কর্মসূচির ওয়েব সাইটে প্রকাশিত হয়েছে। কর্মসূচির মাঠ কার্যক্রম বাস্তবায়নে মাঠ সংগঠক পদ অত্যন্ত গুরুত্বপূর্ণ বিবেচনায় অতি দ্রুত মাঠ সংগঠক নিয়োগ সম্পন্ন করার উদ্দেশ্যে উক্ত নীতিমালায় অপ্রধান শস্য কর্মসূচি'র মাঠ সংগঠক নিয়োগ বিষয়টি উপজেলা পর্যায়ে রাখা হয়েছে। কিন্তু অত্যন্ত উদ্বিগ্নের সঙ্গে লক্ষ্য করা যাচ্ছে যে, মাঠ সংগঠক পদ শূন্য কতিপয় উপজেলা (তালিকা সংযুক্ত) এ বিষয়ে অদ্যাবধি কোন পদক্ষেপ গ্রহণ করেননি। এমন কি স্থানীয়ভাবে মাঠ সংগঠক নিয়োগ প্রদান করা সম্ভব না হলে তা কর্মসূচি সদরদপ্তর কে লিখিতভাবে জানানোর জন্য কর্মসূচি বাস্তবায়ন নীতিমালায় অনুচ্ছেদ ২৮.২ এর গ) তে সুস্পষ্ট নির্দেশনা রয়েছে। তথাপি কর্মসূচি বাস্তবায়ন নীতিমালার মাঠ সংগঠক নিয়োগ বিষয়ক নির্দেশনা প্রতিপালন না করে অদ্যাবধি কর্মসূচির মাঠ সংগঠক নিয়োগ প্রদান না করায় কর্মসূচির সার্বিক কার্যক্রম চরমভাবে ব্যাহত হচ্ছে। এখানে উল্লেখ্য যে, উক্ত মাঠ সংগঠক নিয়োগ কমিটি'র সভাপতি সংশ্লিষ্ট জেলার উপপরিচালক, বিআরডিবি এবং কমিটির সদস্য-সচিব হচ্ছেন সংশ্লিষ্ট উপজেলার উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা।

এমতাবস্থায়, অপ্রধান শস্য কর্মসূচি'র নীতিমালা অনুসরণে আপনার নিয়ন্ত্রনধীন উপজেলার অপ্রধান শস্য কর্মসূচি'র মাঠ সংগঠকের শূন্য পদে অবিলম্বে স্থানীয় জনবল নিয়োগ প্রদানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য বিশেষভাবে অনুরোধ জানানো হলো।

বিষয়টি অতীব জরুরি।



১৮-০৪-২০২৪

মোঃ তাফজেল হোসেন

কর্মসূচি পরিচালক

০২৫৫০১১৭৪৯

pdmcpmp@brdb.gov.bd

উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, বিআরডিবি, সদর দক্ষিণ, কুমিল্লা/ নাগরপুর, টাঙ্গাইল/ শাজাহানপুর, বগুড়া/ সদর, নোয়াখালী/ সদর, সিলেট/ জৈন্তাপুর, সিলেট/ কসবা, ব্রাহ্মণবাড়ীয়া/ বোয়ালখালী, চট্টগ্রাম/ চন্দনাইশ, চট্টগ্রাম/ কুতুবদিয়া, কক্সবাজার।

স্মারক নম্বর: ৪৭.৬২.০০০০.৯৮১.১১.০০১.২৪.১৭/১ (১২)

৫ বৈশাখ ১৪৩১ বঙ্গাব্দ
তারিখ: ১৮ এপ্রিল ২০২৪ খ্রিস্টাব্দ

সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। উপ পরিচালক, বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড (বিআরডিবি), বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড, উপপরিচালকের কার্যালয়, কুমিল্লা;
- ২। উপপরিচালক, প্রোগ্রামিং শাখা, বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড (পত্রটি বিআরডিবি'র ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ);
- ৩। উপপরিচালক, উপ পরিচালকের কার্যালয়, বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড, উপপরিচালকের কার্যালয়, টাঙ্গাইল;
- ৪। উপপরিচালক, উপ পরিচালকের কার্যালয়, বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড, উপপরিচালকের কার্যালয়, বগুড়া;
- ৫। উপপরিচালক, উপ পরিচালকের কার্যালয়, বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড, উপপরিচালকের কার্যালয়, নোয়াখালী;
- ৬। উপ পরিচালক, বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড (বিআরডিবি), বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড, উপপরিচালকের কার্যালয়, সিলেট ;

- ৭। উপপরিচালক, উপ পরিচালকের কার্যালয়, বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড, উপপরিচালকের কার্যালয়, ব্রাহ্মণবাড়িয়া;
- ৮। উপ পরিচালক (চলতি দায়িত্ব), বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড (বিআরডিবি), বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড, উপপরিচালকের কার্যালয়, চট্টগ্রাম;
- ৯। উপপরিচালক, উপ পরিচালকের কার্যালয়, বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড, উপপরিচালকের কার্যালয়, কক্সবাজার;
- ১০। মহাপরিচালকের একান্ত সচিব, মহাপরিচালকের দপ্তর, বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির নিমিত্ত);
- ১১। অপ্রধান শস্য বিশেষজ্ঞ/ শস্য উন্নয়ন কর্মকর্তা, অপ্রধান শস্য কর্মসূচি, বিআরডিবি, উপ-অঞ্চল: -----(২০) এবং
- ১২। একান্ত সহকারী, সরেজমিন বিভাগ, বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড [পরিচালক (সরেজমিন) মহোদয়ের সদয় অবগতির নিমিত্ত]।



১৮-০৪-২০২৪

মোঃ তাফজেল হোসেন
কর্মসূচি পরিচালক

সকল সংযুক্তিসমূহ:

- (১) মাঠ সংগঠক পদ শূণ্য উপজেলার তালিকা